দৈনিক
ইত্তেফাক

16 AUG 2016
পৃষ্ঠা

# রাজবাড়ীতে ব্র্যাক স্কুলে শিক্ষার্থীদের অমানবিক শাস্তি

## কর্মসূচি সংগঠক সাসপেন্ড

■ রাজবাড়ী প্রতিনিধি

অমানবিক এক শাস্তির ঘটনা ঘটেছে রাজবাড়ী জেলা সদরের বাণিবহ ইউনিয়নের লক্ষীনারায়ণপুর গ্রামের জনৈক আলমের বাড়ীতে ভাড়া থাকা (এনজিও) ব্র্যাকের শিশু নিকেতন স্কুলে। ব্র্যাকের শিশু নিকেতন স্কুলের কর্মসূচি সংগঠক তাহমিনা খাতুন তৃতীয় শ্রেণিতে পড়ুয়া ২০ শিক্ষার্থীকে একই ক্লাসের সাত জন শিক্ষার্থীর পা'ধোয়া পানি পান করিয়েছেন। যে পানি আনা হয়েছিল 'টয়লেটে ব্যবহার করা পাত্রে পাট জাগ দেয়া পুকুর থেকে।' আর যারা ওই পানি পান করতে অপারগতা প্রকাশ করেছে তাদেরকে তিনি পিটিয়েছেন মনের মত করে।

এদিকে, ওই অপরাধের দায়ে গত রবিবার ব্র্যাকের পক্ষ থেকে কর্মসূচি সংগঠক তাহমিনা খাতুনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সেই সঙ্গে সদর উপজেলা নির্বাহী অফিসারের কাছে তাহমিনা স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। আর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এমন বর্বর শাস্তির ঘটনা 'কেন ঘটেছে তা জানতে চেয়ে' জেলা ব্র্যাক প্রতিনিধি নেফাজ উদ্দিনকে তিন দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিস প্রদান করা হয়েছে।

এদিকে অমানবিক ওই ঘটনার পর গত শনিবার সকালে বিদ্যালয়ের সকল অভিভাবক সমবেত হয়ে ব্র্যাকের শিশু নিকেতন স্কুলের কর্মসূচি সংগঠক তাহমিনা খাতুনের বিচার দাবি করেন। যে কারণে ওই বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতির নেতৃত্বে গ্রাম্য সালিশেরও আয়োজন করা হয়। তবে জনরোষের ভয়ে ঘটনাস্থলে যথাসময়ে যাননি ওই সংগঠক।